ঘ) "মহারাজ, এই নিন আপনার রক্তমুখী নীলা।"— কীভাবে রক্তমুখী নীলা উদ্ধার হয়েছিল?

---





# ২০২৪

# বাংলা

## (সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-3

(বাংলা রূপকথা, শিশু কিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'ঠাকুরমার ঝুলি' কার উদ্যোগে কত সালে কোন্ প্রকাশনা প্রতিষ্ঠান থেকে প্রথম প্রকাশিত হয়?

খ) "আমার সন্দেহ ছিল, আধুনিক বাংলার কড়া ইস্পাতের মুখে ঐ সুরটা পাছে বাদ পড়ে।"— কার সন্দেহ ছিল? কোন 'সুর'-এর কথা এখানে বলা হয়েছে?

গ) "শুনিয়া ছোটরাণী অজ্ঞান হইয়া পড়িয়া রহিলেন।"— ছোটরাণীর অজ্ঞান হওয়ার কারণ কী?

ঘ) "দেবতাদের যিনি রাজা, তাঁহাকে বলে ইন্দ্র।"—ইন্দ্রের পরিচয় দাও।

ঙ) "ইহাই হইল বিষ্ণুর মৎস্যাবতার, তারপর কুর্মাবতার।" কুর্মাবতারের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(পরের পাতায়)

চ) "যাহা আজগুবি,যাহা উদ্ভট,যাহা অসম্ভব, তাহাদের লইয়াই এই পুস্তকের কারবার।"— কোন পুস্তকের কথা বলা হয়েছে? পুস্তকটির প্রকাশ সন উল্লেখ করো।

ছ) "বুকে আমার সিংহের মত সাহস"— কে বলেছে? কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে?

জ) "চার বছরের ছেলের চার বছরের বুদ্ধিই ভাল।"— বক্তা কে? কার সম্পর্কে কেন এমন বলা হয়েছে?

ঝ) "গরু বলে, "আমারেও ধরিল কি ও রোগে?"— পরের পঙক্তিটি কী?

ঞ) "হাতুড়ির একঘায়ে একেবারে আটকা।"— বক্তা কোন্ কোন্ রোগকে হাতুড়ির একঘায়ে সারিয়ে দিতে পারবেন বলে জানিয়েছেন?

ট) "জিজ্ঞাসা করিলাম-সত্যান্বেষীটা কি?"—উত্তরে ব্যোমকেশ কী জানিয়েছিল?

ঠ) "মুঙ্গের শহরে 'কেল্লা' নামে যে স্থানটা পরিচিত তাহার কেল্লাত্ব এখন আর কিছু নাই।"— কেল্লাটির পরিচয় দাও।

ড) "খবর গুরুতর-দু'জন দাগী আসামী সম্প্রতি মুক্তিলাভ করেছে"— দাগী আসামীদের পরিচয় দাও।

ঢ) 'গন্ধবিচার', 'অপ্সরা থিয়েটার মামলা' রচনাদুটির রচয়িতাদের নাম লেখো।

ণ) "ফেলুদা বলল, এই যে গাছপালা মাঠবন দেখে দেখে চোখ জুড়িয়ে যাচ্ছে, এর বৈজ্ঞানিক কারণটা কী জানিস?"—ফেলুদার মতে এর বৈজ্ঞানিক কারণ কী?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "রাজপুরীতে জয়ডঙ্কা বাজিয়া উঠিল।"— রাজপুরীতে জয়ডঙ্কা বেজে ওঠার কারণ কী?

খ) "ভগীরথ ভক্তিভরে তাঁহাকে প্রণাম করিয়া জোড়হাতে বলিলেন, "প্রভু যদি তুষ্ট হইয়া থাকেন, তো দয়া করিয়া আমাকে গঙ্গা আনিবার উপায় করিয়া দিন।"—গঙ্গা আনবার প্রয়োজন পড়লো কেন?

গ) "ঘরের ভিতর ঢুকে যা দৃশ্য দেখলাম তাতে আমার রক্ত জল হয়ে এল।"— ঘরের ভেতর কে কী দেখলো? পরবর্তী ঘটনার কথা বর্ণনা করো।

ঘ) "অতুল কীর্তি রাখল ভবে চন্ডীদাসের খুড়ো।"—অতুল কীর্তির পরিচয় দাও।

ঙ) "বাসার নীচের তলার ঘরগুলি লইয়া বাড়িওয়ালা নিজে থাকিতেন।"— বাড়িওয়ালার পরিচয় দাও।

চ) "ইন্দ্রগিরির মজার আর একটা গল্প বলিয়া শেষ করিব।"— মজার গল্পটি কী?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'শিয়াল পণ্ডিত' গল্পে শেয়ালের চাতুরির পরিচয়ের সঙ্গে সঙ্গে হাস্যরস কীভাবে প্রতিফলিত হয়েছে বিশ্লেষণ করো।

খ) 'পদিপিসির বর্মিবাক্স' শেষ পর্যন্ত কে কীভাবে উদ্ধার করেছিল তা আলোচনা করো।

গ) 'প্রফেসর শঙ্কু ও খোকা' গল্পে খোকা যেভাবে সুস্থ হয়ে উঠেছিল তার বর্ণনা দাও।